বৈদ্যুতিক নিরাপত্তা পরিদর্শন প্রতিবেদন

এ.এম ডিজাইন লিঃ

বেরন, আশুলিয়া, ঢাকা-১৩৪১

<u>শিল্পপ্রতিষ্ঠান সমূহঃ</u>

এ.এম ডিজাইন লিঃ

পরিদর্শকঃ হেম লাল

প্রতিবেদকঃ এস.এম তাশদিক

পরিদর্শনের দিনঃ ০৬ মে, ২০১৪

ACCORD on Fire and Building Safety in Bangladesh

সারসংক্ষেপঃ

এ.এম ডিজাইন(শামিম গ্রুপ) লিঃ কারখানাটি ১টি ৪তলা(জি+৩) ভবনে স্থাপিত । ভবনটি ২০০৫-০৬ সালে স্থাপিত এবং ২০০৬ সাল হতে উৎপাদন শুরু করে। কারখানাটি শিল্পকারখানার জন্য অনুমোদিত। কারখানাটি বর্ধিত অংশে উৎপাদন শুরু করে ২০১০ সাল থেকে।

Woosun Energy & Construction Co., Ltd.(WEC) কর্তৃক ফ্যাক্টরিটির বৈদ্যুতিক নিরাপত্তা বিষয়ে জরিপ করা হয়। এ জরিপের উদ্দেশ্য ছিল বৈদ্যুতিক নিরাপত্তা সংক্রান্ত উল্লেখযোগ্য ত্রুটিসমূহ শনাক্তকরন ও ACCORD এর সহায়তায় উপযুক্ত ও গ্রহণযোগ্য প্রতিকারমুলক নির্দেশনা দেয়া। এ পরিদর্শন কেবলমাত্র বৈদ্যুতিক নিরাপত্তা সংশ্লিষ্ট প্রধান ত্রুটিসমূহ শনাক্তকরণের মধ্যেই সীমাবদ্ধ ছিল। যদিও খুঁটিনাটি যে সকল সমস্যা রয়েছে তা এ পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিত হয়নি তবে পরবর্তীতে বিশদ পরিদর্শনকালে তা অন্তর্ভুক্ত করা হবে।

পরিদর্শনকালে শনাক্তকৃত বৈদ্যুতিক নিরাপত্তাজনিত প্রধান বিষয়গুলো নিম্মে সংক্ষেপে ছকাকারে প্রদান করা হল। ত্রুটিসমূহের সংশ্লিষ্ট প্রতিকার/পরামর্শ উক্ত বিষয়সমূহের সাথে উল্লেখ করা হয়েছে।

উল্লেখিত সকল ত্রুটিসমূহ সংশোধনের লক্ষে কারখানা কর্তৃপক্ষ-কেন্দ্রিক কর্মসূচী গ্রহন করতে হবে। এক্ষেত্রে সংশোধনের সময়সীমা ও নকশা/পরামর্শ সংক্রান্ত যেকোনো আবেদন ACCORD কর্তৃক অনুমোদিত হওয়া আবশ্যক।

অনুসন্ধান এবং পরামর্শঃ

<table>
<tr><td>অনুসন্ধান #:ই-১</td><td rowspan="6">
এইচ,টি সার্ভিস ক্যাবলটি সুরক্ষিত অবস্থায় রাখা হয়নি।</td></tr>
<tr><td>বিভাগ: সার্ভিস লাইন</td></tr>
<tr><td>অনুসন্ধান:
বৈদ্যুতিক খুঁটি থেকে আসা ওভারহেড এইচ,টি সার্ভিস ক্যাবলটি মাটির গোঁড়ায় সুরক্ষিত অবস্থায় রাখা হয়নি।</td></tr>
<tr><td>পরামর্শ:
বাহ্যিক ক্ষতি ও ক্যাবলের চাপ কমানোর জন্য ক্যাবলকে অবশ্যই ষ্টীল/ পিভিসি কন্ডুইট দিয়ে অবলম্বন দিতে হবে।</td></tr>
<tr><td>অগ্রাধিকারঃ পি ২</td></tr>
<tr><td>ত্রুটিপূরণের সময়সীমা: ১২ সপ্তাহের মধ্যে</td></tr>
</table>

<table>
<tr><td>অনুসন্ধান #:ই-২</td><td rowspan="6">

ডিস্ট্রিবিউশন বোর্ডে আগত ক্যাবলগুলো সুরক্ষিত নয়</td></tr>
<tr><td>বিভাগ: ক্যাবল এন্ড ক্যাবল সাপোর্ট</td></tr>
<tr><td>অনুসন্ধান:
ডিস্ট্রিবিউশন বোর্ডে আগত তারগুলো সুরক্ষিত নয় (এবং সাপোর্ট নেই)।</td></tr>
<tr><td>পরামর্শ:
বাহ্যিক ক্ষতি ও ক্যাবলের চাপ কমানোর জন্য ক্যাবলকে অবশ্যই ষ্টীল/ পিভিসি কন্ডুইট দিয়ে অবলম্বন দিতে হবে অথবা ক্যাবল ট্রে স্থাপন করতে হবে।</td></tr>
<tr><td>অগ্রাধিকারঃ পি ২</td></tr>
<tr><td>ত্রুটিপূরণের সময়সীমা: ১২ সপ্তাহের মধ্যে</td></tr>
</table>

অনুসন্ধান #:ই-৩

বিভাগ: সুইচ বোর্ড এন্ড প্যানেল

অনুসন্ধান:

ক্যাবলের আগমন ও নির্গমন পথের ছিদ্র বন্ধ করা হয়নি।

পরামর্শ:

প্যানেলের উপরের ঢাকনায় গোল ছিদ্র করে তারের মাপ অনুযায়ী তারের প্রবেশ ও বাহির পথে গ্ল্যান্ড স্থাপন করতে হবে যাতে করে প্যানেলের ধারালো ছিদ্র দ্বারা চাপ প্রাপ্ত না হয়। তারের জন্য গ্ল্যান্ড স্থাপনের পরে যদি কোন ফাকা থকে তবে তা বন্ধ করে দিতে হবে (অদাহ্য পদার্থ দ্বারা)।

অগ্রাধিকারঃ পি ২

ত্রুটিপূরণের সময়সীমা: ৩ সপ্তাহের মধ্যে

প্যানেল বোর্ডে বেস প্লেট নেই।

অনুসন্ধান #:ই-৪

বিভাগ: সার্ভিস লাইন

অনুসন্ধান:

দেয়ালের মধ্যে দিয়ে যাওয়া তারগুলো সুরক্ষিত নয়।.

পরামর্শ:

দেয়ালের মধ্যদিয়ে চলাচলরত ক্যাবলের সুরক্ষার্থে পাইপ ব্যাবহার করতে হবে এবং অবশিষ্ট ফাঁকাস্থান অদাহ্য উপাদান দিয়ে বন্ধ করে দিতে হবে। তারের দৈর্ঘ্য অনুযায়ী ট্রে / রেসওয়ে দ্বারা সাপোর্ট দিতে হবে।

অগ্রাধিকারঃ পি ২

ত্রুটিপূরণের সময়সীমা: ১২ সপ্তাহের মধ্যে

ইলেক্ট্রিক্যাল রুমে প্রবেশকৃত ক্যাবল

অনুসন্ধান #:ই-৫

বিভাগ: ক্যাবল এন্ড ক্যাবল সাপোর্ট

অনুসন্ধান:

তারের ডাক্ট এর মধ্যে অতিরিক্ত কাপরের টুকরা এবং ময়লা জমেছে।

পরামর্শ:

তারের পাওয়ার বিচ্ছিন্ন করে তারের এর ডাক্ট এ থাকা ধুলো ময়লা পরিষ্কার করতে হবে। ভবিষ্যতে ধুলো ময়লা প্রতিরোধের জন্য অদাহ্য পদার্থের ঢাকনা দিতে হবে। একটা পর্যায়ক্রমিক পরিষ্কার এর প্রোগ্রাম মেনে চলতে হবে।

অগ্রাধিকারঃ পি ২

ত্রুটিপূরণের সময়সীমা: ১২ সপ্তাহের মধ্যে

ক্যাবল ডাক্টে অতিরিক্ত কাপরের টুকরা এবং ময়লা জমেছে।

অনুসন্ধান #:ই-৬	প্যানেলের দরজা আর্থিং ব্যবস্থার সাথে যুক্ত নেই
বিভাগ: সুইচ বোর্ড এন্ড প্যানেল	
অনুসন্ধান: প্যানেলের দরজা আর্থিং ব্যবস্থার সাথে সংযুক্ত নেই।	
পরামর্শ: ধাতব ডিস্ট্রিবিউশন বোর্ড-গুলোর বাহ্যিক কাঠামো ও দরজায় আরথিং সংযোগ নিশ্চিত করতে হবে (সবুজ ক্যাবল(পাকানো/ ব্রেইড) দিয়ে) যাতে করে বাহ্যিক কাঠামো ও দরজার বিভব সর্বদা শূন্য থাকে।	
অগ্রাধিকারঃ পি ৩	
ত্রুটিপূরণের সময়সীমা: ৩ সপ্তাহের মধ্যে	

অনুসন্ধান #:ই-৭	ক্যাবলগুলো সরাসরি মেঝেতে বিছানো
বিভাগ: ক্যাবল এন্ড ক্যাবল সাপোর্ট	
অনুসন্ধান: কোনরকম যান্ত্রিক অবলম্বন ছাড়া তারগুলো সরাসরি মেঝেতে বিছানো।	
পরামর্শ: মেঝের উপর এলোমেলোভাবে পড়ে থাকা ধাতব আবরণসহ ক্যাবল ট্রে স্থাপন করুন যাতে ক্যাবলে ধাতব সুরক্ষা পাওয়া যায়।	
অগ্রাধিকারঃ পি ২	
ত্রুটিপূরণের সময়সীমা: ৩ সপ্তাহের মধ্যে	

অনুসন্ধান #:ই-৮	প্যানেলের MCCB - তে একাধিক ক্যাবল সংযুক্ত।
বিভাগ: সুইচ বোর্ড এন্ড প্যানেল	
অনুসন্ধান: প্যানেলের ভিতরে MCCB - তে একাধিক ক্যাবল সংযুক্ত।	
পরামর্শ: এমসিসিবি তে একাধি তারের সংযোগ বন্ধ করতে হবে। লোড অনুযায়ী আলাদা সংযোগ দিতে হবে।	
অগ্রাধিকারঃ পি ৩	
ত্রুটিপূরণের সময়সীমা: ৩ সপ্তাহের মধ্যে	

অনুসন্ধান #:ই-৯	
বিভাগ: সুইচ বোর্ড এন্ড প্যানেল	
অনুসন্ধান: এমসিসিবিতে ফেস বেরিয়ার/পৃথকিকারক স্থাপন করা হয়নি।	
পরামর্শ: MCCB এর বিভিন্ন ফেস এর মাঝখানে বিভাজক স্থাপন করতে হবে।প্রস্তুতকারকদের সরবরাহকৃত আদর্শ ফেইস বেরিয়ার/পৃথকিকারক স্থাপন করতে হবে।.	
অগ্রাধিকারঃ পি ৩	
ত্রুটিপূরণের সময়সীমা: ৩ সপ্তাহের মধ্যে	

এমসিসিবিতে ফেস বেরিয়ার/পৃথকিকারক নেই।

অনুসন্ধান #:ই-১০	
বিভাগ: ক্যাবল এন্ড ক্যাবল সাপোর্ট	
অনুসন্ধান: নমনীয় পিভিসি কন্ডুইট এ থাকা তার এর সাপোর্ট নেই।	
পরামর্শ: ষ্টীল পাইপ অথবা পিভিসি পাইপ(দৃঢ়) অথবা ক্যাবল ট্রে দিয়ে ক্যাবলকে সাপোর্ট দিতে হবে।	
অগ্রাধিকারঃ পি ২	
ত্রুটিপূরণের সময়সীমা: ১২ সপ্তাহের মধ্যে	

নমনীয় পিভিসি কন্ডুইটের ওয়্যারিং অবলম্বিত নয়।